রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, অক্টোবর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আশ্বিন, ১৪২৬/০১ অক্টোবর, ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১৫.০৪.০০৭.১৯-১০৬**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)-এর আলোকে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ কে অধিকতর সংশোধনপূর্বক আরও যুগোপযোগী ও আধুনিকীকরণের লক্ষ্যে প্রস্তাবনা প্রণয়নের জন্য গত ০৪ মার্চ, ২০১৯ তারিখের প্রজ্ঞাপন নং-৪০.০০.০০০০.০১৫.০৪.০০৭.১৯-১৩ রহিত করিয়া নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২। | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৪। | মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৫। | মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৬। | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)-এর প্রতিনিধি | সদস্য |
| ৭। | বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)-এর প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ৮। | জনাব শুক্কুর মাহামুদ, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ | সদস্য |
| ৯। | চেয়ারম্যান ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন (এনসিসিডব্লিউই) | সদস্য |
| ১০। | মহাসচিব, ইন্ডাস্ট্রিয়াল, বাংলাদেশ কাউন্সিল (আইবিসি) | সদস্য |
| ১১। | যুগ্মসচিব (শ্রম)/উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

**কার্যপরিধি :**

১। কমিটি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (অদ্যাবধি সংশোধিত)-এর উদ্দেশ্য পূরণকল্পে এই আইনের ধারা ৩৫১ অনুযায়ী বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এর সংশোধনের জন্য প্রস্তাব প্রণয়ন করবে।

২। কমিটি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সংশোধিত বিধিমালা-এর একটি খসড়া সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিকট দাখিল করবে।

৩। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আখতার**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd